দৈনিক ইত্তেফাক

তারিখ 2 6 SEP 2007
পৃষ্ঠা ৮৭ কলাম ৫

# ঝরে পড়া শিশুদের মাঝে শিক্ষার আলো ছড়াচ্ছে সিসিডিবি

॥ ফুলবাড়ি (দিনাজপুর) থেকে সংবাদদাতা ॥

দিনাজপুর জেলার ফুলবাড়ি ও নবাবগঞ্জ উপজেলার ঝরে পড়া শিশুদের মাঝে শিক্ষার আলো ছড়াচ্ছে বেসরকারি সংস্থা সিসিডিবি। সিসিডিবি সংস্থার এ কর্মসূচির আওতায় ১ হাজার ৮শ' শিশু শিক্ষার সুযোগ পাচ্ছে।

সিসিডিবির ইউনিক প্রকল্পের কারিগরি সহায়তাকারী জিলিয়ান সাথী মালাকর জানান, ইউরোপীয় কমিশন ও ঢাকার আহছানিয়া মিশনের সাথে সমন্বয়কারী সংস্থার হিসেবে বেসরকারি সংস্থা সিসিডিবি ফুলবাড়ি ও নবাবগঞ্জ উপজেলার ১১টি ইউনিয়নে ৬০টি চিল্ড্রেন লার্নিং সেন্টার সংক্ষেপে সিএলসি কেন্দ্র স্থাপনের মাধ্যমে এলাকার ঝরে পড়া শিশুদের শিক্ষার সুযোগ করে দিচ্ছে। এতে প্রতি কেন্দ্রে প্রথম শ্রেণী থেকে চতুর্থ শ্রেণী পর্যন্ত ২৫ থেকে ৩০ জন ছাত্র-ছাত্রী শিক্ষার সুযোগ পাচ্ছে। ফলে এই উপজেলার ৬০টি কেন্দ্রের মাধ্যমে ১ হাজার ৮শ' শিশু শিক্ষার সুযোগ পেয়েছে। চলতি বছরের ১ আগস্ট ইউনিক প্রকল্পের আওতায় সিএলসি কেন্দ্রের কার্যক্রম শুরু করা হয়েছে। এই কর্মসূচির কার্যক্রম ২০১০ সালের ডিসেম্বর মাস পর্যন্ত অব্যাহত থাকবে।

সিসিডিবি সংস্থার এরিয়া ম্যানেজার মোঃ মোকলেস উদ্দিন জানান, এই প্রকল্প বাস্তবায়িত হলে বিদ্যালয় বহির্ভূত ৬ থেকে ১২ বছরের ১ হাজার ৮শ' শিশু প্রাক-প্রাথমিক ও উপানুষ্ঠানিক শিক্ষার আওতায় আসবে। এই প্রকল্প বাস্তবায়নের জন্য সংস্থার মাঠ পর্যায়ে কাজ করছেন আল্লামা ইকবাল, সুকমল টপ্য, জয়দেব বর্মণ, বাবুলাল হাসদা, শিমন হাসদা এবং আবু তাহের। এই প্রকল্পের কারিগরি সহায়তা দিচ্ছেন জিলিয়ান সাথী মালাকার।



*ফুলবাড়ি (দিনাজপুর) ঃ রাঙ্গামাটি আদিবাসী পাড়ার প্রাক-প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী শিশুরা* —ইত্তেফাক